Faruque Hassan
President

MADE IN BANGLADESH WEEK
12-18 November 2022, Dhaka

BGMEA

সার্কুলার নংঃ বিজিএ/কাস/২০২৩/ ২২৩              ২৩ মে, ২০২৩

## সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ তৈরি পোশাক শিল্পের আমদানিকৃত কাচাঁমাল, কাপড় ও আনুষাঙ্গিক দ্রব্যাদির চালান খালাসকালে হুক ব্যবহার না করা প্রসঙ্গে।**

সূত্রঃ (ক) চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের নির্দেশনার স্মারক নং টিএম/এলসিএল/আনষ্টাফিং/বার্থ অপারেটর/১১/১৫৯৮, তারিখঃ ১৮/০৫/২০২৩।

(খ) বিজিএমইএ'র পত্র নং বিজিএ/কাস/২০২৩/৫৩৮২, তারিখঃ ১৭/০৫/২০২৩।

সম্মানিত সদস্যবৃন্দ ও সহকর্মীবৃন্দ,

আসসালামু আলাইকুম।

উপরোক্ত বিষয় ও সূত্রের আলোকে সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তৈরি পোশাক শিল্পের আমদানিকৃত কাঁচামাল, কাপড় ও আনুষাঙ্গিক দ্রব্যাদির চালানসমূহ আনস্টাফিং করার সময় এবং শেডের কার্গো ডেলিভারীতে হুক ব্যবহারের কারণে ছিদ্র সৃষ্টি হয়ে কাপড় নষ্ট হওয়ার ফলে রপ্তানিকারকগণ আর্থিকভাবে ক্ষতির সম্মুখীন হচ্ছেন এবং উৎপাদন কার্য সম্পাদনে জটিলতা সৃষ্টি হয়ে ক্রেতার নির্ধারিত সময়ে পণ্য চালান রপ্তানি করা সম্ভব হচ্ছে না মর্মে উল্লেখ করে বিজিএমইএ হতে চট্টগ্রাম বন্দরের সংশ্লিষ্ট কৃর্তপক্ষকে সূত্রোক্ত 'খ' পত্র প্রেরণ করা হয়।

বিজিএমইএ'র অনুরোধের প্রেক্ষিতে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ এলসিএল কন্টেইনার আনস্টাফিং এবং শেডের কার্গো ডেলিভারীতে নিয়োজিত মার্চেন্ট শ্রমিক/ডক লেবার'কে তৈরি পোশাক শিল্পের কাঁচামাল, কাপড় ও আনুষাঙ্গিক দ্রব্যাদির চালানসমূহে হুক ব্যবহার না করার জন্য কঠোর নির্দেশনা প্রদান করেছেন।

আপনাদের প্রয়োজনীয় কার্যার্থে চট্টগ্রাম বন্দর কর্তৃক জারীকৃত নির্দেশনা পত্র এতদ্সঙ্গে সংযুক্ত করা হলো। উল্লেখিত সমস্যা পুনরায় পরিলক্ষিত হলে বিজিএমইএ'কে পত্র মারফত অবগত করার জন্য অনুরোধ করা হলো। আপনাদের প্রেরিত তথ্যের ভিত্তিতে উল্লেখিত সমস্যা রোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে।

ধন্যবাদান্তে,

**ফারুক হাসান**
**সভাপতি**

**BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)**
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
• বাংলাদেশে তৈরি •

Shahinur-customs

BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
**Regional Office:** BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org

# চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

টার্মিনাল ম্যানেজার এর দপ্তর

টিএম/এলসিএল/আনষ্টাফিং/বার্থ অপারেটর/১১/১৫৩৮ তারিখঃ ১৮/০৫/২০২৩ ইং

বরাবর

১। মেসার্স সাইফ পাওয়ারটেক লিমিটেড
টার্মিনাল অপারেটর

২। মেসার্স এম এইচ চৌধুরী লিমিটেড
বার্থ অপারেটর, বার্থ নং-১৩

৩। মেসার্স এভারেষ্ট পোর্ট সার্ভিসেস লিমিটেড
বার্থ অপারেটর, বার্থ নং-১২

৪। মের্সাস ফজলী সন্স লিমিটেড,
বার্থ অপারেটর, বার্থ নং-৯

৫। মের্সাস বশির আহমেদ এন্ড কোং লিমিটেড,
বার্থ অপারেটর, বার্থ নং-৯

৬। মের্সাস এ এন্ড জে ট্রেডার্স,
বার্থ অপারেটর, বার্থ নং-৭

৭। মেসর্স এফ কিউ খান এন্ড ব্রাদার্স
বার্থ অপারেটর, বার্থ নং-৬

বিষয়ঃ এলসিএল কন্টেইনারের কার্গো আনস্টাফিং করার সময় এবং শেডের কার্গো ডেলিভারীতে হুক ব্যবহার না করা প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ের আলোকে জনানো যাচ্ছে যে, এলসিএল কন্টেইনার আনস্টাফিং করার সময় এবং শেডের কার্গো ডেলিভারীতে মার্চেন্ট শ্রমিক/ডক লেবার কর্তৃক শতভাগ রপ্তানিমুখী রেডিমেইড গার্মেন্টেস এর কাঁচামাল ও এর ব্যবহৃত একসেসরিসে হুক ব্যবহার করা হয় বলে বিজিএমইএ/বিভিন্ন তৈরী পোশাক কারখানা কর্তৃক অভিযোগ করা হয়। চট্টগ্রাম বন্দরের ১১টি সিএফএস/শেড এ আমদানীকৃত এলসিএল কন্টেইনার থেকে যে সকল পণ্য আনষ্টাফিং পূর্বক সংরক্ষণ করা হয় তার শতকরা ৯০ ভাগপণ্যই বিজেএমইএ এর সদস্যদের। বিজিএমইএ এর সদস্যগন তাদের আমদানীকৃত কাঁচামাল প্রক্রিয়াজাত করে চূড়ান্তপণ্য উৎপাদন পূর্বক বিশ্বের বিভিন্ন দেশে রপ্তানি করে দেশের মোট রপ্তানী আয়ের ৮০% এর বেশি বৈদেশিক মুদ্রা আয়ের মাধ্যমে দেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। তাই এলসিএল কন্টেইনারের কার্গো আনস্টাফিং করার সময় এবং শেডের কার্গো ডেলিভারীতে হুক ব্যবহার করে তৈরী পোশাকের কাঁচামাল, ফেব্রিক্স ও এর ব্যবহৃত এক্সেসরিস চিড়ে নষ্ট করে ফেলা অনভিপ্রেত /অনাকাঙ্খিত যা বিদেশে দেশের সুনাম ক্ষুন্ন করে তথা বৈদেশিক মুদ্রা আয়ের পথে অন্তরায় সৃষ্টি করে।

এমতাবস্থায়, এলসিএল কন্টেইনার আনস্টাফিং করার সময় এবং শেডের কার্গো ডেলিভারীতে মার্চেন্ট শ্রমিক/ডক লেবার কর্তৃক শতভাগ রপ্তানিমুখী রেডিমেইড গার্মেন্টেস এর কাঁচামাল, ফেব্রিক্স ও এর ব্যবহৃত এক্সেসরিসে হুক ব্যবহার না করার জন্য আপনাদেরকে নির্দেশক্রমে বলা গেল। ইতোপূর্বে আপনাদের বারংবার পত্র দেওয়া সত্বেও এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি ঘটায় আপনাদেরকে পুনরায় সতর্ক করা গেল। অন্যথায় বন্দরের প্রচলিত বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহন করা হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

১৮/৫

সহঃ টার্মিনাল ম্যানেজার (সিএফএস)
পক্ষে টার্মিনাল ম্যানেজার
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

অনুলিপি (জেষ্ঠ্যতার ভিত্তিতে নহে)ঃ

১. পরিচালক (ট্রাফিক), চবক এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
২. পরিচালক (নিরাপত্তা), চবক এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
৩. টার্মিনাল ম্যানেজার, চবক এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
৪. প্রথম ভাইস প্রেসিডেন্ট, বিজিএমইএ, বিজিএমইএ ভবন, লেভেল-৪ ও ৫,৬৬৯/ই, ঝাউতলা রোড, দঃ খুলশী,চট্টগ্রাম এর অবগতির জন্য দেয়া গেল।
৫. নিরাপত্তা কর্মকর্তা, জিসিবি/সিসিটি-এনসিটি চবক এর অবগতি এবং উক্ত মতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দেয়া গেল।
৬. পিএ টু চেয়ারম্যান; চেয়ারম্যান, চবক মহোদয়ের সদয় অবগতির জন্য দেয়া গেল।
৭. টিআই/ইনচার্জ সকল সিএফএস শেড, চবক এর অবগতি ও উক্ত মতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দেয়া গেল।
৮. এসআই/এএসআই সকল সিএফএস শেড, চবক এর অবগতি ও উক্ত মতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দেয়া গেল।

১৮/৫/২৩

সহঃ টার্মিনাল ম্যানেজার (সিএফএস)
পক্ষে টার্মিনাল ম্যানেজার
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

| BGMEA REGIONAL OFFICE CTG | |
|---|---|
| 1 | Office Incharge |
| 2 | Port & Customs |
| 3 | Accounts |
| 4 | Admin-HR / Insurance |
| 5 | Labour Cell / Fire & Safety |
| 6 | Law & Order / Crisis Management |
| 7 | Ponodona / Gas-Elec. |
| 8 | Membership |
| 9 | C&M / RSC / Directory |
| 10 | PR |
| 11 | RDTI/MIS/Fair/Arbitration |
| 12 | Health / Hospital / School / Project |
| 13 | |
| Signature | |
| Dispatch No | |

BGMEA

বিজিএ/কাস/২০২৩/ ৫৬৮২

১৭ মে, ২০২৩

**পরিচালক (পরিবহন)**
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
চট্টগ্রাম।

**বিষয় ঃ তৈরি পোশাক শিল্পের আমদানিকৃত কাপড়ের চালান খালাসকালে হুক ব্যবহার না করা প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপরোক্ত বিষয়ের প্রতি আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করছি। রাশিয়া-ইউক্রেন যুদ্ধ ও বর্তমান বৈশ্বিক অর্থনৈতিক বিপর্যয়ের কারণে পোশাক খাত গভীর সংকটের মধ্যে রয়েছে। মূল্যস্ফীতির কারণে কাঁচামালের মূল্য বৃদ্ধি পেয়েছে কয়েকগুন। বিরাজমান সংকটের ফলে জ্বালানি খরচ, পরিবহন খরচ, বিদ্যুৎ ও গ্যাসের মূল্য বৃদ্ধিসহ উৎপাদনের সকল পর্যায়ে ব্যয় বৃদ্ধি পেয়েছে অস্বাভাবিক হারে। এছাড়াও অনেক প্রতিষ্ঠানের বিদেশী ক্রেতা বিশ্বব্যাপী চলমান সংকটের ফলে রপ্তানি আদেশ প্রদান শীথিল করেছে। অনেকে আদেশের বিপরীতে পণ্য গ্রহণ ও রপ্তানি মূল্য পরিশোধে বিলম্ব করছে। যার ফলে রপ্তানিকারকগণ আর্থিক সংকটের মধ্যে ব্যবসা পরিচালনা করতে গিয়ে বিভিন্ন সমস্যার সম্মুখীন হচ্ছেন।

তৈরি পোশাক খাত দীর্ঘদিন ধরে আমাদের অর্থনৈতিক প্রবৃদ্ধি ও উন্নয়নে প্রধান ভূমিকা পালন করে আসছে। গত অর্থ বছরে আমরা বিশ্বের ১৬৭ দেশে ৪২.৬ বিলিয়ন মার্কিন ডলার রপ্তানি করেছি। এই শিল্পটি'তে প্রায় ৪ মিলিয়ন কর্মী কর্মরত রয়েছে এবং দেশের জিডিপিতে ১১% ও সামগ্রিক রপ্তানিতে ৮৪% অবদান রাখছে। বর্তমান বৈশ্বিক অর্থনৈতিক প্রতিকূল পরিবেশে উদ্যোক্তাগণ রপ্তানির চলমান গতি অব্যাহত রাখার জন্য আপ্রান চেষ্টা চালিয়ে যাচ্ছেন। এ খাতের রপ্তানির চলমান ধারা বজায় রাখাতে সকলের সহযোগিতা আমাদের একান্ত প্রয়োজন।

তৈরি পোশাক খাতের আমদানিকৃত কাপড়ের চালান খালাসকালে চট্টগ্রাম বন্দরে নিয়োজিত শ্রমিকরা হুক ব্যবহার করে থাকে। হুক ব্যবহারের ফলে কাপড়ের বিভিন্ন জায়গায় ছিদ্র সৃষ্টি হয়ে নষ্ট হচ্ছে, যা সরাসরি রপ্তানি কার্যকে বাধাগ্রস্ত করছে (ছবি সংযুক্ত)। আপনি জানেন বন্ড ব্যবস্থার মাধ্যমে আমদানিকৃত কাপড়ের প্রতি গজের হিসাব বন্ডে দাখিল করতে হয় এবং ক্রেতার প্রদত্ত ডিজাইন অনুযায়ী সহগ (কনজাম্পশন) নির্ধারন করে কাপড় আমদানি করা হয়। এরূপক্ষেত্রে হুক ব্যবহারের মাধ্যমে কাপড় নষ্ট হওয়ার ফলে উৎপাদন কার্যক্রমে সমস্যা হচ্ছে এবং ক্রেতার চাহিদামতো পণ্য রপ্তানি করা সম্ভব হচ্ছে না। ফলে দেশ প্রচুর বৈদেশিক মুদ্রা অর্জন হতে বঞ্চিত হচ্ছে এবং রপ্তানিকারক প্রতিষ্ঠান আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে।

এমতাবস্থায়, দেশের রপ্তানির বৃহত্তর স্বার্থে এবং তৈরি পোশাক শিল্পের রপ্তানির ধারা চলমান রাখার লক্ষ্যে এ শিল্পের আমদানিকৃত কাপড়ের চালানে হুক ব্যবহার না করার নিমিত্তে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করার জন্য বিনীত অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,

১৭/৫/২০২৩

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

**BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION**
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
• বাংলাদেশ তৈরি •

Shahinur-custom

BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
**Regional Office:** BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org